

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
পরিসংখ্যান ও গবেষণা কোষ

নং ০৫.২০৬.০৩৩.০০.০০.০৬৮.২০০৮-

তারিখঃ -----
/০২/১৪১৭ বঙ্গাব্দ
/০৫/২০১০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের Rules of Business, 1996 এর Rule 4 (vii)- তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ সচিবালয়ের কার্যনিষ্পত্তির জন্য জারিকৃত সচিবালয় নির্দেশমালা-২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করা হইল,

সচিবালয় নির্দেশমালা ২০০৮-এর নির্দেশ নং ২৩৬ এর পর নিম্নরূপ নতুন নির্দেশ ২৩৬ (ক)- সন্নিবেশিত হইবে, যথাঃ-

২৩৬(ক)। অধক্ষন আইন প্রণয়ন কার্যপ্রণালী :

(১) সরকার কোন বিধি বা প্রবিধান প্রস্তুত বা সংশোধনের নিমিত্ত খসড়া প্রস্তাবের বা প্রস্তাবনার প্রাক-প্রকাশনার সিদ্ধান্ত গ্রহণ করিলে সেই বিধি বা প্রবিধান কমপক্ষে তিন সপ্তাহের মধ্যে জনমত আহ্বান করিয়া সরকারি গেজেটের পাশাপাশি সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে। মন্ত্রণালয় বা বিভাগ কমপক্ষে তিনটি দৈনিক পত্রিকাতে তাদের ওয়েবসাইট ঠিকানা উল্লেখসহ ওয়েবসাইটে প্রকাশিত বিধি বা প্রবিধানের প্রাক-প্রকাশনা সংক্রান্ত নোটিশ প্রকাশের জন্য প্রেরণ করিবে।

(২) এই বিধির আলোকে কোন মতামত পাওয়া গেলে সেই মতামত বিবেচনায় আনিতে হইবে এবং যদি প্রয়োজন হয়, খসড়া বিধি বা প্রবিধান সংশোধন অথবা পরিবর্তন করিতে হইবে।

স্বা-

তাং ২৭/০৫/১০

(ইকবাল মাহমুদ)

সচিব

সংস্থাপন মন্ত্রণালয়

২৪/০২/১৪১৭ বঙ্গাব্দ

নং ০৫.২০৬.০৩৩.০০.০০.০৬৮.২০০৮-২৬৩/২ (৬৫)

তারিখঃ -----

০৮/৬/২০১০ খ্রিস্টাব্দ

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব, ----- (সকল) মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। যুগ্ম-সচিব (প্রশাসন), সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ।
- ৬। সচিবের একান্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(মোহাম্মদ রফিকুল ইসলাম)

সহকারী প্রধান

ফোন ৭১৬৮৬০৮

ই-মেইল-acs&r1@moestab.gov.bd